গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

**আদেশ**

**সাধারণ আদেশ নং-১১/মূসক/২০২৬ তারিখ: ২ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**বিষয়ঃ এইচ.এস.কোড ২৪০২.২০.০০ এর আওতাধীন সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য বৃদ্ধির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মূল্যস্তর ভেদে বিভিন্ন স্ট্যাম্প/ব্যান্ডরোল ব্যবহার এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আহরণ সংশ্লিষ্ট নির্দেশনা।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১২৯-আইন/২০২৬/৩৩৪-মূসক, তারিখ: ৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এবং সংশোধনী প্রজ্ঞাপন এস.আর.ও নং-৩৪১-আইন/২০২৬/৩৭২-মূসক, তারিখ: ১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ যা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সেপ্টেম্বর ১৬, ২০২৬ অনুসারে স্থানীয় সরবরাহের ক্ষেত্রে হেডিং নং-২৪.০২ এর অন্তর্ভুক্ত এইচ.এস কোড ২৪০২.২০.০০ এর অধীনে সিগারেটের মূল্যস্তর ও সম্পূরক শুল্কের হার নির্ধারণ করা হইয়াছে। নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্ক নিম্নরূপঃ

| শিরনামা সংখ্যা (Heading no.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য (প্যাকেটের গায়ে সর্বোচ্চ খুচরা মূল্য, সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার এবং ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট বাজারে নিম্ন স্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায় স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট মধ্যম স্তরের নিম্নে সরবরাহ না করিবার শর্তে): | |
| | | (১) ৬৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৭ |
| | | (২) ৯২ টাকা ও তদূর্ধ্ব | ৬৭ |
| | | (৩) ১৬০ টাকা ও তদূর্ধ্ব | ৬৭ |
| | | (৪) ২১০ টাকা ও তদূর্ধ্ব | ৬৭ |

২। নূতন মূল্যস্তরের বিপরীতে বিভিন্ন স্ট্যাম্পের ও ব্যান্ডরোলের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ তথা যথাযথ পরিমাণ মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশ প্রদান করিল:

(ক) নূতন সর্বোচ্চ খুচরা মূল্যস্তরের ভিত্তিতে সিগারেট সরবরাহের লক্ষ্যে সকল ব্রান্ডের সিগারেটের ক্ষেত্রে উৎপাদনকারীগণকে সংশোধিত মূল্য অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ সাপেক্ষে পণ্য খালাস গ্রহণ করিতে হইবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে প্রদেয় সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর আদায় নিশ্চিত করিবেন;

(খ) ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ বা তার পরে সরবরাহ করা সকল সিগারেটের ক্ষেত্রেই (পূর্বে উৎপাদিত ও মজুদসহ) নূতন মূল্যস্তর অনুযায়ী শুল্ক-কর আদায় নিশ্চিত করিতে হইবে। বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত গেজেট অনুসারে ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের পূর্বের সর্বোচ্চ খুচরা মূল্য মুদ্রিত সিগারেটের প্যাকেটে সীল দ্বারা নূতন সর্বোচ্চ খুচরা মূল্য মুদ্রণ করিতে হইবে। ব্যবহারের জটিলতা পরিহার করিবার লক্ষ্যে সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান যত শীঘ্র সম্ভব নূতন সর্বোচ্চ খুচরা মূল্যের প্যাকেট মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করিবে;

(গ) প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮১-আইন/২০১৯/৩৮-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এর আলোকে জারীকৃত **"উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯"** এর বিধি (৩) এর উপ-বিধি (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে কোনো সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের যদি নূতন কোন ডিজাইনের স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহারের প্রয়োজন হয়, তবে তাহারা যথাদ্রুত সম্ভব বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেসের নিকট হইতে তাহা সংগ্রহ করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন। বাংলাদেশ সিকিউরিটি প্রিন্টিং প্রেস অবিলম্বে নূতন ডিজাইনের স্ট্যাম্প বা ব্যান্ডরোল সরবরাহ করিবার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। নূতন ডিজাইনের স্ট্যাম্প বা ব্যান্ডরোল না পাওয়া পর্যন্ত উৎপাদনকারীকে তাহাদের বিদ্যমান মূল্যস্তরের ভিত্তিতে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহারের মাধ্যমে অনুচ্ছেদ ২(খ) অনুযায়ী সিল দ্বারা মুদ্রণ করিয়া যথাযথ রাজস্ব পরিশোধ নিশ্চিত করিতে হইবে। নূতন ডিজাইনের স্ট্যাম্প বা ব্যান্ডরোল না পাওয়া পর্যন্ত সংশ্লিষ্ট কমিশনার বিষয়টি অনুচ্ছেদ ২(চ) অনুযায়ী তদারকী নিশ্চিত করিবেন;

(ঘ) সিগারেটের নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার কার্যকর হওয়ায় যথাযথ পরিমাণ রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রত্যেক মূসক কমিশনারেটের কমিশনারগণ তাহাদের স্ব-স্ব অধিক্ষেত্রভুক্ত প্রত্যেকটি সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানে উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর বিধি ৯ অনুযায়ী তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক মূল্য সংযোজন কর কর্মকর্তা পদস্থ করিবেন;

(ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উৎপাদনকারীর প্রত্যেকটি ব্রান্ডের সিগারেটের প্যাকেটের প্রকৃতি, শলাকা সংখ্যা, সর্বোচ্চ খুচরা মূল্য, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর হার ইত্যাদির ভিত্তিতে শুল্ক-কর এর পরিমাণ নির্ধারণ করত: রাজস্ব আদায় কার্যক্রম সম্পাদন বা পরিশোধ কার্যক্রম তত্ত্বাবধান করিবেন; এবং

(চ) কমিশনারগণ আদেশের (ক) হইতে (ঙ) অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতির বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ জারি ও তদারকি করিবেন। বাস্তবায়নে কোনো সমস্যা থাকিলে তাহা জরুরি ভিত্তিতে বোর্ডের গোচরীভূত করিবেন। এছাড়া, নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার প্রবর্তনের কারণে ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের সিগারেটের সমাপনী মজুদ, পূর্বের স্ট্যাম্প/ব্যান্ডরোল, খালি মোড়ক এবং নূতন স্ট্যাম্প ও ব্যান্ডরোল এবং খালি মোড়কের মজুদ তথ্য **ছক-ক** এ গ্রহণ করিবেন এবং দায়িত্বপ্রাপ্ত মূসক কর্মকর্তা এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদিত যৌথ স্বাক্ষর সম্বলিত উক্ত ছকে মজুদ তথ্যের এক কপি সংশ্লিষ্ট মূসক কমিশনারেট সদর দপ্তরে ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে পেশ করিতে হইবে। রাজস্বের হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত তুলনামূলক মাসিক বিবরণী **ছক-খ** এবং **ছক-গ** এ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন।

৩। এই আদেশ জারি সত্ত্বেও ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে বলবৎ কোন ব্র্যান্ডের সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য হ্রাস করা যাইবে না।

৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-০২/মূসক/২০২৬, তারিখ: ৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এতদ্দারা রহিত করিল।

(ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উৎপাদনকারীর প্রত্যেকটি ব্রান্ডের সিগারেটের প্যাকেটের প্রকৃতি, শলাকা সংখ্যা, সর্বোচ্চ খুচরা মূল্য, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর হার ইত্যাদির ভিত্তিতে শুল্ক-কর এর পরিমাণ নির্ধারণ করত: রাজস্ব আদায় কার্যক্রম সম্পাদন বা পরিশোধ কার্যক্রম তত্ত্বাবধান করিবেন; এবং

(চ) কমিশনারগণ আদেশের (ক) হইতে (ঙ) অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতির বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ জারি ও তদারকি করিবেন। বাস্তবায়নে কোনো সমস্যা থাকিলে তাহা জরুরি ভিত্তিতে বোর্ডের গোচরীভূত করিবেন। এছাড়া, নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার প্রবর্তনের কারণে ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের সিগারেটের সমাপনী মজুদ, পূর্বের স্ট্যাম্প/ব্যান্ডরোল, খালি মোড়ক এবং নূতন স্ট্যাম্প ও ব্যান্ডরোল এবং খালি মোড়কের মজুদ তথ্য **ছক-ক** এ গ্রহণ করিবেন এবং দায়িত্বপ্রাপ্ত মূসক কর্মকর্তা এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদিত যৌথ স্বাক্ষর সম্বলিত উক্ত ছকে মজুদ তথ্যের এক কপি সংশ্লিষ্ট মূসক কমিশনারেট সদর দপ্তরে ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে পেশ করিতে হইবে। রাজস্বের হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত তুলনামূলক মাসিক বিবরণী **ছক-খ** এবং **ছক-গ** এ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন।

৩। এই আদেশ জারি সত্ত্বেও ১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে বলবৎ কোন ব্র্যান্ডের সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য হ্রাস করা যাইবে না।

৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-০২/মূসক/২০২৬, তারিখ: ৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এতদ্দ্বারা রহিত করিল।

**ছক-ক**

প্রতিষ্ঠানের নামঃ ......................................

ঠিকানাঃ ..................................................

মূসক নিবন্ধন নং - ......................................

মজুদ গ্রহণের তারিখ ও সময়ঃ ........................

## (ক) উৎপাদিত সিগারেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক নং | সিগারেটের ব্রান্ডের নাম | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ডিজাইন (রং) | প্রতি প্যাকেটের মুদ্রিত সর্বোচ্চ খুচরা মূল্য | মজুদ পণ্যের প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

## (খ) অব্যবহৃত মুদ্রিত সিগারেটের প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক নং | সিগারেটের ব্রান্ডের নাম | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেটে মুদ্রিত সর্বোচ্চ খুচরা মূল্য | মজুদ অব্যবহৃত প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

## (গ) অব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক নং | প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা | প্যাকেটের ধরণ | স্ট্যাম্প/ ব্যান্ডরোল | স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ডিজাইন (রং) | অব্যবহৃত স্ট্যাম্প/ব্যান্ডরোলের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

## (ঘ) নূতন স্ট্যাম্প/ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্যঃ (চাহিদা পত্রের ভিত্তিতে)

| ক্রমিক নং | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড) | স্ট্যাম্প/ব্যান্ডরোল | স্ট্যাম্প/ব্যান্ডরোলের ডিজাইন (রং) | মজুদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

## (ঙ) নূতন সর্বোচ্চ খুচরা মূল্যের ভিত্তিতে মুদ্রিত সিগারেটের প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক নং | সিগারেটের ব্রান্ডের নাম | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেট মুদ্রিত সর্বোচ্চ খুচরা মূল্য | মজুদ প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

ছক-খ

# সিগারেটের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)

## সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ .........................................।

## ..................................... মাস পর্যন্ত।

| ক্রমিক নং | সিগারেটের ব্রান্ড নাম | প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা | ------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত | | | | | | | | ------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সম্পূরক শুল্কের হার | সর্বোচ্চ খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটের সর্বোচ্চ খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| (১) | | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৬) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৭) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৮) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৯) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

ছক-গ

## সিগারেটের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)

**সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ..........................................।**

**মাসের নামঃ ......................................... ।**

| ক্রমিক নং | সিগারেটের ব্রান্ড নাম | প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা | ------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস | | | | | | | | ------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সম্পূরক শুল্কের হার | সর্বোচ্চ খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটের সর্বোচ্চ খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| (১) | | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৬) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৭) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৮) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৯) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**( মোঃ আজিজুর রহমান )**
সদস্য (মূসক নীতি)

**প্রাপকঃ উপ-পরিচালক**
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

**[ তাঁকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০৩.১৭/৩৩৩(২৬) তারিখঃ ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

২-৫। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৬-২৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার/ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।

২৪। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

২৫। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

২৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**মুহাম্মদ মাহফুজ আলম**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)